আলমডাঙ্গায় থানায় নতুন ওসি বিপ্লব কুমার নাথের যোগদান

আলমডাঙ্গা থানায় ভারপ্রাপ্ত কর্মকর্তা (পরিদর্শক) নতুন ওসি হিসেবে যোগদান করেছেন বিপ্লব কুমার নাথ। এসময় (ওসি) সাইফুল ইসলামকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়।

নবাগত ওসি বিপ্লব কুমার নাথ আলমডাঙ্গা থানায় যোগদানের পূর্বে তিনি মাগুরা জেলার শ্রীপুর থানা, শালিখা থানা, ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর থানা, কুষ্টিয়া জেলার কুষ্টিয়া মডেল থানা, যশোর জেলার মনিরামপুর থানা, সাতক্ষীরা জেলার কলারোয়া থানা, আশাশুনি থানায় অফিসার ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করেন।
ইতোমধ্যে তিনি চুয়াডাঙ্গা জেলার বিশেষ শাখার জেলা গোয়েন্দা পুলিশের ওসির পদে যোগ দেন। শনিবার সকালে তিনি থেকে আলমডাঙ্গা থানায় আনুষ্ঠানিকভাবে যোগদান করেন।

যোগদান অনুষ্ঠানে তিনি বলেন- জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরনের জন্য আলমডাঙ্গা থানা এলাকার সম্মানিত সমগ্র আলমডাঙ্গা বাসীর সহযোগিতা কামনা করেছেন ওসি বিপ্লব কুমার নাথ, আইজিপি ব্যাজ (বার)।

আইন-শৃংখলা সংক্রান্ত যেকোন ইস্যুতে সমগ্র আলমডাঙ্গা বাসীর সুচিন্তিত পরামর্শকে স্বাগত জানানোর পাশাপাশি চারপাশের প্রতিনিয়ত ঘটমান অপরাধ সম্পর্কে তথ্য প্রদানকে তিনি উৎসাহিত করেছেন। তথ্যদাতার নিরাপত্তা ও গোপনীয়তা শতভাগ রক্ষা করা হবে।

গাংনীতে নবাগত এসিল্যান্ড নাদির হোসেন শামীমের যোগদান

মেহেরপুরের গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কর্মকর্তা নাদির হোসেন শামীম নবাগত এসিল্যান্ড হিসাবে যোগদান করেছেন। মেহেরপুর

জেলা প্রশাসকের কার্যালয়ে রবিবার যোগদানের পর বিকেলে তিনি গাংনী উপজেলা ভুমি অফিসে যোগদান করেন।

নাদির হোসেন শামীম ময়মনসিং জেলার গৌরিপুর উপজেলার বাসিন্দা। প্রায় দুই মাস পর গাংনী উপজেলা ভুমি অফিসের শুন্যপদ পুরণ করলেন তিনি।

গাংনীতে পৌঁছে তিনি প্রথমে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মৌসুমী খানমের কার্যালয়ে আসেন। এ সময় ইউএনও তাঁকে ফুলের শুভেচ্ছায় স্বাগত জানান।

নবাগত এসিল্যান্ডকে নিজ কর্মস্থল উপজেলা ভূমি কার্যালয়ের সব কর্মচারীর সঙ্গে পরিচয় করিয়ে দেন ইউএনও। এলিল্যান্ড নাদির হোসেন শামীম ৩৬ তম বিসিএস ক্যাডার উত্তীর্ণ করে মাগুড়া জেলা প্রশাসকের কার্যলয়ে কর্মরত ছিলেন। পদোন্নতি পেয়ে তিনি গাংনী উপজেলা ভূমি কার্যালয়ের পূর্বের এসিল্যান্ড নাজমুল আলমের শূন্যস্থান পূরণ করলেন।

উপজেলা ভুমি অফিসের সকল কর্মচারীবৃন্দরা নবাগত এ কর্মকর্তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়েছেন। গাংনী উপজেলাবাসীর সহযোগীতায় ভুমি সেবা সবার দৌরগোড়ায় পোঁছে দেয়ার কথা বলেন এই কর্মকর্তা।

উল্লেখ্যঃ ১লা সেপ্টেম্বর ২০২২ ইং তারিখে এসিল্যান্ড নাজমুল আলমের রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ে বদলি হলে গাংনী উপজেলায় এসিল্যান্ড শুন্য ছিল। সে পর্যন্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমী খানম দায়িত্ব পালন করছিলেন।

মেহেরপুরে জেলা ও দায়রা জজের যোগদান

মেহেরপুরের জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ সোমবার দুপুরের দিকে তার কর্মস্থল মেহেরপুরে যোগদান করেছেন।সোমবার (৭ নভেম্বর) দুপুরের দিকে তিনি যোগদান করেন।

জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ মেহেরপুরে এসে পৌঁছালে মেহেরপুর জজ কোর্টের এসময় অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস বিচারক বৃন্দ তাকে স্বাগত জানান।

চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর, অন্যান্য বিচারকবৃন্দ ও মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য তাকে ফুলেল শুভেচ্ছা জানান। সম্প্রতি মেহেরপুরের জেলা ও দায়রা জজ মোহাম্মদ ওয়ালীউর রহমান বদলি হওয়ায় মো: শহিদুল্লাহ তার স্থলাভিষিক্ত হন।

চুয়াডাঙ্গা’র নবাগত পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের যোগদান

চুয়াডাঙ্গা জেলায় নবাগত পুলিশ সুপার আবদুল্লা আল মামুন যোগদান করেছেন। সোমবার বিকাল ৪টার দিকে পুলিশ সুপার কার্যলয়ে তাকে ফুল দিয়ে বরন করে নেন সহকর্মীরা।

তিনি ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। তিনি বাংলাদেশ পুলিশে ২৫-তম বিসিএস (পুলিশ) ক্যাডারে যোগদান করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি সাহিত্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

নবাগত পুলিশ সুপার তার চাকুরিকালে নোয়াখালী জেলা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, কুমিল্লা জেলা এবং সর্বশেষে গাজীপুর মেট্রোপলিটন পুলিশে সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন।

কাঙ্খিত জনবান্ধন চুয়াডাঙ্গা গড়তে নবাগত পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন জেলার সকল রাজনৈতিক, সামাজিক সংগঠনসহ সাংবাদিক, সুশীল সমাজ, ধর্মীয় নেতৃবৃন্দ ও সম্মানিত নাগরিকবৃন্দের সকলের সহযোগিতা কামনা করেছেন।

ইতোমধ্যেই জেলা পুলিশ, চুয়াডাঙ্গা জেলার সকল সকল সদস্য

স্বতঃস্ফূর্তভাবে সদ্য যোগদানকৃত পুলিশ সুপার মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন।

আব্দুল্লাহ আল-মামুন বিদায়ী পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা এর স্থলাভিষিক্ত হলেন। তিনি সিআইডি, ঢাকায় পুলিশ সুপার হিসেবে বদলি হয়েছেন।

শুভেচ্ছাক্ষণে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মুন্না বিশ্বাস। সকল থানার অফিসার ইনচার্জ, ডিআইও-১, আরআই, টিআই সহ জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার-ফোর্সগণ।

যুক্তরাষ্ট্রের ক্যানটাকি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করলেন ঝিনাইদহের ইমরান

যুক্তরাষ্ট্রের লেক্সিংটন সিটির বিখ্যাত ক্যানটাকি বিশ্ববিদ্যালয়ের (University of Kentucky) সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করলেন ঝিনাইদহের কৃতি ছাত্র জুবায়ের ইমরান।

তিনি সদর উপজেলার ডাকবাংলা বাজারের বিশিষ্ট কাপড় ব্যবসায়ি মোজাম্মেল বিশ্বাসের একমাত্র সন্তান। হরিনাকুন্ডু উপজেলার ৫নং কাপাশহাটীয়া ইউনিয়নের সাবেক ইউপি সদস্য রায়পাড়া ভাতুড়িয়া গ্রামের মরহুম সনজের আলী বিশ্বাসের পৌত্র।

জুবায়ের ইমরান যুক্তরাষ্ট্রের লেক্সিংটন সিটির বিখ্যাত ক্যানটাকি বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সাইন্স বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন চলতি আগস্ট মাসে।

ছাত্র জীবনে জুবায়ের ইমরান অত্যন্ত মেধাবী ছাত্র ছিল, ২০০৫ সালে

উত্তর নারায়নপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে এ প্লাস এবং ২০০৭ সালে যশোর ক্যান্টনমেন্ট কলেজ থেকে গোল্ডেন এ প্লাস পেয়ে উত্তীর্ণ হন। পরে তিনি রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সাইন্স বিভাগ থেকে ইন্জিনিয়ারিং পাশ করে ক্যালিফোনিয়ার স্ট্যাম্পফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট ডক্টরাল ডিগ্রি অর্জন করেন।

বর্তমানে তিনি আগস্ট-২০২২ থেকে ক্যানটাকি বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সাইন্স বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তার পরিবারের পক্ষ থেকে ইমরানের সুস্বাস্থ্য ও আরও উত্তর উত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করে সকলের নিকট দোয়া চেয়েছেন।